# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪৯

৫. কিতাবুল ঈমান (كِتَابُ الْإِيمَانِ)

পরিচ্ছেদঃ আমাদের উল্লেখিত বিষয়ের বিশুদ্ধতা প্রমাণে দ্বিতীয় হাদীস

## ذِكْرُ خَبَرٍ ثَانٍ يُصَرِّحُ بِصِحَّةِ مَا ذَكَرْنَاهُ

আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الرَّحْمَنِ الدَّغُولِيُّ وَمُحَمَّدُ بْنُ إِبْرَاهِيمَ بْنِ الْمُنْذِرِ النَّيْسَابُورِيُّ بِمَكَّةَ وَعِدَّةٌ قَالُوا حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ الْوَهَّابِ الْفَرَّاءُ قَالَ سَمِعْتُ عَلِيَّ بْنَ عَثَّامٍ يَقُولُ أَتَيْتُ سُعَيْرَ بْنَ الْخِمْسِ أَسْأَلُهُ عَنْ حَدِيثِ الْوَسْوَسَةِ فَلَمْ يُحَدِّثْنِي فَأَدْبَرْتُ أَبْكِي ثُمَّ لَقِيَنِي فَقَالَ تَعَالَ حَدَّثَنَا مُغِيرَةُ عَنْ إِبْرَاهِيمَ عَنْ عَلْقَمَةَ عَنْ عَبْدِ اللَّهِ قَالَ: سَأَلْنَا رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنِ الرَّجُلِ يَجِدُ الشَّيْءَ لَوْ خَرَّ مِنَ السَّمَاءِ فَتَخْطَفَهُ الطَّيْرُ كَانَ أَحَبَّ إِلَيْهِ مِنْ أَنْ يَتَكَلَّمَ قَالَ: "ذاك صريح الإيمان"

الراوي : عَبْدِ اللَّهِ | المحدث : شعيب الأرنؤوط | المصدر : صحيح ابن حبان

الصفحة أو الرقم: 149 | خلاصة حكم المحدث: إسناده صحيح.

বাংলা

১৪৯. আলী বিন আসসাম বলেন, আমি ওয়াসওয়াসা সম্পর্কিত হাদীস সম্পর্কে জিজ্ঞাসা করার জন্য সু'আইর বিন খিম্স এর কাছে আসলাম, কিন্তু তিনি আমাকে হাদীস বর্ণনা করলেন না, ফলে আমি কাঁদতে কাঁদতে ফিরে গেলাম। এরপর তাঁর সাথে আমার সাক্ষাৎ হয়। তিনি আমাকে বললেন, আসুন (আপনাকে সেই হাদীস শুনাই); আমাদের হাদীস বর্ণনা করেছেনে মুগীরা, তিনি ইবরাহিমের মাধ্যমে আলকামা থেকে হাদীস বর্ণনা করেছেন, তিনি আব্দুল্লাহ বিন মাসউদ থেকে হাদীস বর্ণনা করেন, তিনি বলেন: আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে জিজ্ঞেস করলাম ঐ ব্যক্তি সম্পর্কে যিনি অন্তরে এমন কিছুর উপস্থিতি অনুভব করে যা মুখে উচ্চারণ করার চেয়ে আসমান থেকে পড়ার পর পাখি ছোঁ মেরে তাকে নিয়ে যাবে- সেটাকেই সে বেশি পছন্দনীয় মনে করে! রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “এটাই তো সুস্পষ্ট ঈমান।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ১৩৩; আবু আওয়ানা: ১/৭৯; মুশকিলুল আসার: ২/২৫১; বাগাবী: ৫৯।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আয যিলাল: ৬৫৪)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88358

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন